সংবাদ

তারিখ ... 17 APR 2003 ...
পৃষ্ঠা ... ১৪ ... কলাম ... ৩ ...

প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল প্রকাশ

বুধবার প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। এ বছর প্রাথমিক বৃত্তি পরীক্ষায় সারাদেশ থেকে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে ৩ হাজার ৯শ' ৯৮ জন এবং সাধারণ গ্রেডে বৃত্তি পেয়েছে ১৩ হাজার ৮শ' ৮০ জন। অংশগ্রহণ করেছে ৪ লাখ ১১ হাজার ৭শ' ৭৪ জন ছাত্রছাত্রী। অংশগ্রহণকারীদের মধ্যে মোট ১ লাখ ৮১ হাজার ৯শ' ৫৩ জন সকল বিষয়ে পাস করেছে। পাসের হার ৪৪.১৯%।

সারাদেশের ছয়টি বিভাগের পরীক্ষার্থীদের মধ্যে সর্বোচ্চ নম্বর পেয়ে ৩ জন পরীক্ষার্থী প্রথমস্থান অধিকার করেছে। তারা হলো নরসিংদী জেলার পলাশ উপজেলার পলাশ সার কারখানা উচ্চ বিদ্যালয়ের স্বরূপ কুমার সুতার, রোল নম্বর-৫৪০ এবং প্রাপ্ত নম্বর ৩৮৭ (৯৬.৭৫%), ঢাকা মহানগরীর মতিঝিল থানার আইডিয়াল স্কুল এন্ড কলেজের নাভিদ আনজুম অর্পিত, রোল নম্বর-১০৫৪ এবং প্রাপ্ত নম্বর ৩৮৭ (৯৬.৭৫%) ও ঢাকা মহানগরীর ধানমন্ডি থানার গভ. ল্যাবরেটরি হাইস্কুলের শাদমান সাকিব, রোল নম্বর ৫৭০ এবং প্রাপ্ত নম্বর ৩৮৭ (৯৬.৭৫%)।

দ্বিতীয় স্থান অর্জন করেছে ঢাকা মহানগরীর তেজগাঁও পানার ইলিফ্রস বালিকা উচ্চ বিদ্যালয়ের নিশাত তাসনিম, রোল নম্বর-ম-৪১৮ এবং প্রাপ্ত নম্বর ৩৮৫ (৯৬.২৫%)।

একই নম্বর পেয়ে তৃতীয় স্থান অর্জন করেছে ৩ জন তারা হলো ঃ ঢাকা মহানগরীর ধানমন্ডি থানার গভ. ল্যাবরেটরি হাইস্কুলের মেহেদী হাসান মিলন, রোল নম্বর-৫৪৫ এবং প্রাপ্ত নম্বর ৩৮৪ (৯৬%), নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলার পূর্বধলা আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কামরুল আমীন রিয়েল, রোল নম্বর ৩৫৫ এবং প্রাপ্ত নম্বর ৩৮৪ (৯৬%) ও নরসিংদী সদর উপজেলার ব্রাহ্মন্দী কে কে এম সরকারি উচ্চ বিদ্যালয়ের নাঈম ইবনে ইসলাম, রোল নম্বর-৮৮ এবং প্রাপ্ত নম্বর ৩৮৪ (৯৬%)।

সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, উপজেলা এবং থানা শিক্ষা অফিসে বৃত্তি পরীক্ষার ফলাফল পাওয়া যাবে। তথ্য বিবরণী।